উহুদের দিন এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বললো, আমি যদি আল্লাহর রাস্তায় শহীদ হয়ে যাই, আমার স্থান কোথায় হবে বলুন? তিনি বললেন, জান্নাতে। তারপর সে তার হাতের খেজুর ফেলে দিয়ে যুদ্ধে যোগদান করলো এবং শহীদ হয়ে গেল।

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, উহুদের দিন এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বললো, আমি যদি আল্লাহর রাস্তায় শহীদ হয়ে যাই,
আমার স্থান কোথায় হবে বলুন? তিনি বলেন, জান্নাতে। তারপর সে তার হাতের খেজুর ফেলে
দিয়ে যুদ্ধে যোগদান করলো এবং শহীদ হয়ে গেল। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দিচ্ছেন, উমায়ের ইবন হুমাম রাদিয়াল্লাহু ‘আনহু নামে এক লোক উহুদ যুদ্ধের দিন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূল! আমি যদি আল্লাহর রাস্তায় জিহাদ করতে করতে শহীদ হয়ে যাই, অর্থাৎ এ যুদ্ধে মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করি ও শহীদ হয়ে যাই আমার পরিণতি কী হবে? তিনি বললেন, তুমি জান্নাতে যাবে। তারপর সে তার হাতের খেজুর ফেলে দিয়ে বলল, এ খেজুরগুলো খাওয়া পর্যন্ত যদি জীবিত থাকি, তাহলে তা অনেক দীর্ঘ জীবন। অত:পর তিনি অগ্রসর হলেন ও যুদ্ধ করলেন যতক্ষণ না তিনি শহীদ হলেন-রাদিয়াল্লাহু আনহু-

http://www.sunnah.global/hadeeth/bn/show/3194